

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.১৪

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

## বিষয়: মার্চ-২০২৬ মাসের প্রথম পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

**বিদ্যুৎ পরিস্থিতি :** পবিত্র রমজান মাসে খুলনা জেলায় বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ইফতার ও সেহরির সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**স্থানীয় বিষয় :** রমজান মাস খুলনার মানুষের কাছে ইবাদত, দানশীলতা ও সামাজিক সম্প্রীতির এক গুরুত্বপূর্ণ সময়। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন ও বিত্তবান ব্যক্তির দরিদ্র মানুষের মাঝে ইফতার বিতরণ, খাদ্যসামগ্রী প্রদান ও যাকাত বিতরণের উদ্যোগ নিচ্ছেন। অনেক মসজিদ ও মাদ্রাসায় আয়োজন করা হচ্ছে গন-ইফতার, যেখানে সমাজের নানা শ্রেণি-পেশার মানুষ একসঙ্গে ইফতার করেন। নিউ মার্কেট, ডাকবাংলা, এবং খালিশপুর এলাকার বাজারগুলোতে ইফতারের সামগ্রী কেনার জন্য মানুষের ভিড় দেখা যাচ্ছে। এছাড়া পবিত্র ঈদকে সামনে রেখে খুলনার বিভিন্ন বাজার ও শপিং মলগুলোতে শুরু হয়েছে ব্যাপক কেনাকাটার ধুম। রমজানের মাঝামাঝি সময় থেকে শহরের প্রধান বিপণিবিতান ও মার্কেটগুলোতে ক্রেতাদের ভিড় বাড়ছে। নতুন পোশাক, জুতা, প্রসাধনী ও নানা উপহারের সামগ্রী কিনতে মানুষ পরিবার-পরিজন নিয়ে বাজারে আসছেন। খুলনা নগরীর নিউ মার্কেট, ডাকবাংলা, খালিশপুর ও শিববাড়ী এলাকার দোকানগুলোতে সকাল থেকে রাত পর্যন্ত ক্রেতাদের ভিড় দেখা যাচ্ছে। দোকানিরা জানান, ঈদকে ঘিরে বছরের এই সময়টিতেই সবচেয়ে বেশি বিক্রি হয়। তাই আগেভাগেই তারা নতুন ডিজাইনের পোশাক, জুতা ও বিভিন্ন ফ্যাশন সামগ্রী দোকানে তুলেছেন।

**পরিবেশ :** বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গুর প্রকোপ কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও মশার উপদ্রব অনেক বেড়েছে। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা স্থিতিশীল রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রয়েছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে।

**আইন শৃঙ্খলা :** খুলনা সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক ও নিয়ন্ত্রণে রয়েছে। এ পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো সোচ্চার থাকার পাশাপাশি নিরলসভাবে কাজ করে যচ্ছে। এদিকে মাদকবিরোধী অভিযান জোরদার করেছে মাদকদ্রব্য অধিদপ্তরসহ খুলনা মেট্রোপলিটন পুলিশের কয়েকটি ইউনিট।

**দ্রব্যমূল্য :** পবিত্র রমজান মাসে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ বাজার পরিদর্শন করে দোকানদারদের সতর্ক করেছেন যাতে দাম অযথা বাড়ানো না হয় এবং পণ্য তালিকা খোলা স্থানে প্রদর্শনের নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া সিডিকেট ভেঙে দেওয়ায় ও পণ্য সরবরাহ পর্যাপ্ত থাকায় স্থানীয় বাজারগুলোতে বিশেষ করে ময়লাপোতা সাদ্য বাজার, গল্পামারী বাজার, সোনাডাঙা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় চাল, ডাল, তেল, সবজি ও মাছের দাম তুলনামূলকভাবে সহনীয় পর্যায়ে রয়েছে। এছাড়া জেলা প্রশাসনের নিয়মিত বাজার তদারকি ও মোবাইল কোর্ট কার্যক্রমের কারণে অসাধু ব্যবসায়ীদের দৌরাত্ম্য কমেছে।

**নৈতিক অবক্ষয় :** নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

**অপপ্রচার :** অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।



১২-০৩-২০২৬  
গাজী জাকির হোসেন  
পরিচালক  
ফোন : ০২৪৭৭৭২১৮৪২  
ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২  
ইমেইল : ddinfoklna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

